



চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম-৪৩৪৯।


স্মারক নং:-/চুয়েট/ভিসি অফিস/ কো-অর্ডিনেশন-৩৮/১৩০৭০

১৮ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ
০৩ অক্টোবর, ২০২৩ খ্রিস্টাব্দ।

-: হযরত মুহাম্মদ (সা.) এর জীবন ও কর্মের উপর আলোচনা সভার আয়োজন সংক্রান্ত বিজ্ঞপ্তি:-

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নির্দেশনা অনুসরণে অত্র বিশ্ববিদ্যালয়ে হযরত মুহাম্মদ (সা.) এর জন্মদিবস তথা পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) উদযাপন সংক্রান্ত অনুষ্ঠানমালার অংশ হিসেবে আগামী ০৫ অক্টোবর, ২০২৩ খ্রি: বিকাল ৩টায়, হযরত মুহাম্মদ (সা.) এর জীবন ও কর্মের উপর আলোচনা সভার আয়োজন করা হয়েছে। একাডেমিক কাউন্সিল কক্ষে অনুষ্ঠিতব্য উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি প্রদান করেছেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল আলম।

অত্র বিশ্ববিদ্যালয়ের সকল ডীন, পরিচালক, বিভাগীয় প্রধান, সেন্টার প্রধান, অফিস প্রধান, প্রভোস্ট, শাখা প্রধানসহ সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং ছাত্র-ছাত্রীদেরকে উক্ত আলোচনা সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হচ্ছে।




(অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হুমায়ুন কবির)

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১। সকল ডীন/ পরিচালক/বিভাগীয় প্রধান/সেন্টার চেয়ারম্যান/ প্রভোস্ট/ অফিস প্রধান/শাখা প্রধান, চুয়েট (ইহা তাঁর বিভাগ ও অফিসের সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধ সহকারে)।
- ২। পরিচালক, আইআইসিটি এবং সিস্টেম এনালিস্ট, চুয়েট (বিজ্ঞপ্তিটি প্রচারের নিমিত্তে ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৩। প্রধান প্রকৌশলী, চুয়েট (উল্লেখিত সময়সূচী অনুযায়ী একাডেমিক কাউন্সিল কক্ষে সাউন্ড সিস্টেম এবং বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৪। সভাপতি ও সাধারণ সম্পাদক, শিক্ষক সমিতি/কর্মকর্তা সমিতি/ স্টাফ এসোসিয়েশন/স্টাফ ওয়েলফেয়ার কমিটি/ চুয়েট ক্লাব/ কর্মচারী ক্লাব, চুয়েট।
- ৫। সিনিয়র পেশ ইমাম ও সিনিয়র ইমাম, চুয়েট (আলোচনা পেশ এবং আলোচনা সভার শুরুতে কোরআন তেলাওয়াত, বিশেষ দোয়া ও মোনাজাত পরিচালনার নিমিত্তে উপস্থিত থাকার অনুরোধ সহকারে)।
- ৬। সহকারী রেজিস্ট্রার (সমন্বয়), চুয়েট (উপাচার্য মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৭। সকল বিজ্ঞপ্তি ফলক, চুয়েট।
- ৮। সংরক্ষণ নথি।



(মোহাম্মদ ফজলুর রহমান)

উপ-পরিচালক (তথ্য ও প্রকাশনা)

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।